



# বাংলাদেশ ওভারসিজ এমপ্লয়মেন্ট অ্যান্ড সার্ভিসেস লিমিটেড (বোয়েসেল)

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়

“বোয়েসেল নৈতিক, নিরাপদ ও দক্ষ অভিবাসন নিশ্চিত করে”

স্থাপিত - ১৯৮৪



## সরকারিভাবে জর্ডানের সিরামিক সেক্টরে দক্ষ পুরুষ কর্মী নিয়োগ

বিজ্ঞপ্তি নং: ৪৯.০২.০০০০.০০০.০০০.৬২.০০০১.২৬/ ২৪০০

তারিখ: ১৯.০৫.২০২৬ খ্রি.

বোয়েসেল-এর মাধ্যমে জর্ডানের সিরামিক কোম্পানিতে নিম্নবর্ণিত পদে পুরুষ কর্মী নিয়োগ করা হবে:

ক্র.নং.	পদের নাম	পদের সংখ্যা	মাসিক মূল বেতন	অনলাইন আবেদন লিংক
				<a href="https://brms.boesl.gov.bd/">https://brms.boesl.gov.bd/</a>
১	<b>Bathroom Sanitaryware Production Worker (High Pressure Grouting)</b> বাথরুমের স্যানিটারি পণ্য উৎপাদন কর্মী (উচ্চ চাপ গ্রাউটিং)	৪৯ জন	২৯০ জর্ডানি দিনার	(অনলাইনে আবেদনের ক্ষেত্রে আবেদনকারীকে অবশ্যই আবেদন ফি বাবদ ১০০ টাকা ও চার্জ বাবদ ১০ টাকা পরিশোধ করে আবেদন করতে হবে)।

### যোগ্যতা:

- বাথরুমের স্যানিটারি পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানে উচ্চ চাপ গ্রাউটিং কর্মী হিসেবে সর্বনিম্ন ০৩ বছরের কাজের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে;
- যথাযথ কর্তৃপক্ষের স্বাক্ষরিত অভিজ্ঞতার সনদপত্র আবেদনের সময় আপলোড করতে হবে;
- বাথরুমের স্যানিটারি পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানে উচ্চ চাপ গ্রাউটিং কর্মী হিসেবে বিদেশে কাজে অভিজ্ঞদের অগ্রাধিকার প্রদান করা হবে।

### বয়স:

২৩-৩৯ বছর।

### চাকরির শর্তাবলি:

- দৈনিক ০৮ (আট) ঘণ্টা ডিউটি, সপ্তাহে ০৬ (ছয়) দিন এবং ওভারটাইম কোম্পানির নিয়ম অনুযায়ী।
- চাকরির চুক্তি ০৩ (তিন) বছর (নবায়নযোগ্য)।
- নিয়োগকর্তা কর্তৃক থাকা, খাওয়া ও প্রাথমিক চিকিৎসা এবং যাতায়াত ব্যবস্থা করা হবে।
- চাকরিতে যোগদানের বিমান ভাড়া এবং তিন বছর চাকরি শেষে দেশে ফেরত আসার বিমান ভাড়া নিয়োগকর্তা বহন করবে।
- যাদের বিরুদ্ধে দেশে বা জর্ডানে কোনো মামলা আছে, তারা নিয়োগের অনুপযুক্ত বলিয়া গণ্য হবেন।
- অন্যান্য শর্ত জর্ডানের শ্রম আইন অনুযায়ী প্রযোজ্য হবে।

### বোয়েসেল-এর সার্ভিস চার্জ ও অন্যান্য খরচ:

নির্বাচিত কর্মীদের বোয়েসেল-এর সার্ভিস চার্জ বাবদ ৫৬,৩৫০/- (ছাপান্ন হাজার তিনশত পঞ্চাশ) টাকার পে-অর্ডার, মেডিকেল ফি ১০০০ টাকা ও অঙ্গীকারনামা স্ট্যাম্প বাবদ ৫০০ টাকা প্রদান করতে হবে। পিডিও প্রশিক্ষণ ও ফিচার প্রিন্ট সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে ফি পরিশোধের মাধ্যমে সম্পন্ন করতে হবে।

### আবেদনের সময় যা অবশ্যই প্রদান করতে হবে:

আগ্রহী প্রার্থীদের উপরে বর্ণিত লিংকে সকল তথ্যাদি পূরণপূর্বক ইংরেজিতে এক (০১) কপি জীবন বৃত্তান্ত, সকল শিক্ষাগত যোগ্যতার সনদ, অভিজ্ঞতার সনদ এবং পাসপোর্টের রঙিন কপি একটি পিডিএফ ফাইল তৈরি করে work experience এর ধাপে “upload personal cv” -তে আবশ্যিকভাবে আপলোড করতে হবে। আগ্রহী প্রার্থীদের নিকট হতে ১:১০ অনুপাতে আবেদন গ্রহণ করা হবে। নির্ধারিত সংখ্যক আবেদন প্রাপ্তি সাপেক্ষে আবেদন লিংকটি সয়ংক্রিয়ভাবে বন্ধ হয়ে যাবে। নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে প্রাপ্ত আবেদনসমূহ নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট প্রেরণ করা হবে এবং নিয়োগকারী কর্তৃপক্ষ যাচাই বাছাই শেষে সংক্ষিপ্ত তালিকা প্রণয়নপূর্বক সাক্ষাৎকার গ্রহণের তারিখ ও সময় প্রেরণ করবেন। উল্লেখ্য, কোম্পানি কর্তৃক ভিসা ইস্যুর পর কোনো প্রার্থী জর্ডান গমনে অসীহা প্রকাশ করলে বোয়েসেল-এ দাখিলকৃত পে-অর্ডারটি বাজেয়াপ্ত ঘোষণা করা হবে। এ বিষয়ে প্রবাস বন্ধু কল সেন্টার ১৬১৩৫ - এ যোগাযোগ করা যেতে পারে।

**বি.দ্র.:** অনলাইনে আবেদন আপনার চাকরির নিশ্চয়তা বহন করবে না। উল্লেখ্য যে, অনলাইনে আবেদন ব্যতীত সরাসরি সাক্ষাৎকার/পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ নেই।

আগামী ২১ মে, ২০২৬ তারিখ সকাল ৯:০০ ঘটিকা থেকে ২৪ মে, ২০২৬ তারিখ বিকাল ০৪:০০ ঘটিকা পর্যন্ত অনলাইনে আবেদন করা যাবে।

উল্লেখিত তারিখ ও সময়ের আগে/পরে আবেদন করার কোন সুযোগ নেই।

(চূড়ান্তভাবে কর্মী নির্বাচন না হওয়া পর্যন্ত বোয়েসেল-কে কোন ফি প্রদান করতে হয় না এবং সকল ফি/চার্জ ব্যাংকের মাধ্যমে প্রদান করতে হয়)

নোমান চৌধুরী  
13.05.26

উপ-মহাব্যবস্থাপক (বৈ.নি.)  
২২.০৫.২৬

### অফিস ঠিকানা :

প্রবাসী কল্যাণ ভবন (৫ম তলা)  
৭১-৭২, ইফটন গার্ডেন  
রমনা, ঢাকা-১০০০, বাংলাদেশ।

ISO 9001:2015



### যোগাযোগ নম্বর :

ফোন : +৮৮-০২-৫৮৩১৮৩৮, ৪৮৩১৯১২৫, ৪৮৩১৭৫১৫ (পিএবিএক্স)  
ফ্যাক্স : +৮৮-০২-৯৩৩০৬৫২, +৮৮-০২-৫৮৩১-৬৫৭৭  
ই-মেইল : info@boesl.gov.bd  
ওয়েব : www.boesl.gov.bd